



স্নাতক দু'র্থ বাৎসরিক পরীক্ষা, ২০১৮

বাংলা

(সাম্মানিক)

(দ্বিতীয় বাৎসরিক)

পাঠক্রম নং : BNGH-202

(আধুনিক বাংলা কাব্য)

(৫)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

(ক) ৩

সংখ্যা পূর্ণমান নির্দেশক

(ক) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রকাশসাল কত? কাব্যটি কোন্

ছন্দে রচিত? 'মেঘনাদবধ কাব্য'-এর নবম সর্গের নাম

উল্লেখ করে এই সর্গটির মূল্যায়ন করো। $১+১+(১+১১)=১৪$

অথবা

(খ) মধুসূদনের জন্মস্থান কোথায়? স্মগ্রামে প্রবাহিত কবির প্রিয়

নদীটির নাম কী? 'মেঘনাদবধ কাব্য'-এর সর্গ সংখ্যা

কত? 'মেঘনাদবধ কাব্য'-এর নায়ক কে-রাবণ না

মেঘনাদ? তোমার পঠিত সর্গগুলো অবলম্বনে বিষয়টি

বিচার করো।

$১+১+১+১১=১৪$

১০ (ক) 'দুঃসময়' কবিতায় বিহঙ্গের রূপকে কাকে উপস্থাপিত করা হয়েছে? বিহঙ্গ কেন ভীত ও উৎকণ্ঠিত? "সত্যই সম্ভ্রান্ত আশিয়ার হুঁ—'চিত্রা', 'সোনার স্তরী'র জীবনের কাছে বিদায়! এখন নূতন জীবনের যাত্রায় পক্ষ বিস্তার করিয়া দিতে হইবে, কিন্তু ছাঘ, কোন পথে কোন ভাবলোকে যে নূতন কবিয়া উড়িতে হইবে তাহার কোন ঠিকানা নাই।" সমালোচকের এই মন্তব্যের আলোকে 'দুঃসময়' কবিতার ভাবার্থ বিশ্লেষণ করো।

১+২+১১=

অথবা

(খ) 'কল্পনা' কাব্যের প্রকাশসাল কত? 'স্বপ্ন' কবিতায় কোন প্রাচীন কবির প্রভাব রয়েছে? এই কবিতায় উল্লিখিত কবি-প্রিয়ার নাম কী? 'স্বপ্ন' কবিতায় কবি রবীন্দ্রনাথের মানস অভিসারের বর্ণনা দাও।

১+১+১+১১=

৩। (ক) জীবনানন্দের প্রথম প্রকাশিত কাব্যের নাম কী? 'বনলতা সেন' কবিতাটি তাঁর কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? "মহাবিশ্বলোকের ইশারার থেকে উৎসারিত সময়চেতনা আমার কাব্যে একটি সঙ্গতিসাধক অপরিহার্য সত্যের মতো।" জীবনানন্দের এই মন্তব্য তাঁর 'বনলতা সেন' কবিতা সম্পর্কে গ্রহণযোগ্য কিনা, বিচার করো।

১+১+১১=

অথবা

(খ) প্রেমেন্দ্র মিত্র কোন সময়ের কবি? তাঁর একটি কাব্যগ্রন্থের নাম লেখো। " 'আমি কবি যত কামারের' কবিতাটিতে প্রাপ্তিক জনজীবনের প্রতি কবির গভীর শ্রদ্ধা ভালোবাসার পরিচয় বিধৃত হয়েছে।" আলোচনা করো।

১+১+১১=



সংক্ষিপ্ত টীকা লেখো/সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) :

৪=২৪

- (ক) চিত্রাঙ্গদা
(খ) অমিত্রাক্ষর ছন্দ
(গ) 'বর্ষামঙ্গল' কবিতায় প্রকৃতি-চিত্র
(ঘ) রবীন্দ্র-উত্তর আধুনিক কবিতার চারটি বৈশিষ্ট্য
(ঙ) "জনসমুদ্রে নেমেছে জোয়ার,
হৃদয়ে আমার চড়া
চোরাবালি আমি দূর দিগন্তে ডাকি—
কোথায় ঘোড়সওয়ার?"

তাৎপর্য বিশ্লেষণ করো।
